গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
খুলনা।

পুলিশ সুপারের কার্যালয় 05 MAY 2019 খুলনা

স্মারক নং-৩০৯৭/ই তারিখ-২৯/০৪/২০১৯ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ শাখা-২ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৭.১৯-১১০ তাং-১২/০২/২০১৯ খ্রিঃ এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-প্রশাসন/৯১-২০১২/১৯২(৪) তাং-২৬/০২/২০১৯ খ্রিঃ মূলে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে ও বিভাগীয় বাছাই কমিটি, খুলনার স্মারক নং-০৫.৪৪.০০০০.০১২.৩৬.০৮৮.১৯-২৬(১৪) তাং-০৮/০৪/২০১৯ খ্রিঃ মূলে পুলিশ সুপার, খুলনা এর কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতন স্কেল ২০১৫ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩ ঃ টাকা ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের।<br>(গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing এ গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ২। | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপাটের | গ্রেড-১৪ ঃ টাকা ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০.শব্দের গতি থাকতে হবে।<br>(গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing এ গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ৩। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬ ঃ টাকা ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) টি | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |

**শর্তাবলী ঃ**

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও খুলনা জেলার বাসিন্দা হতে হবে।
০২। প্রার্থীকে নিম্নবর্ণিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে। স্ব-হস্ত ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

## চাকরির আবেদন ফরম

বরাবর
সভাপতি
বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
ও
বিভাগীয় কমিশনার, খুলনা।

৫×৫ সে.মি. ছবি
(সম্প্রতি তোলা)

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | তারিখ : দি ন মা স ব ৎ স র | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায় : | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর : | | | (যে কোন একটি) |
| ৫. | জন্ম নিবন্ধন নম্বর : | | | |
| ৬. | জন্ম তারিখ : | | জন্মস্থান (জেলা) : | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | বছর : | মাস : | দিন : |
| ৮. | মাতার নাম : | | | |
| ৯. | পিতার নাম : | | | |
| ১০. | ঠিকানা | বর্তমান | স্থায়ী | |
| | গ্রাম ও সড়ক (নাম ও নম্বর) : | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | | |
| | ডাকঘর : | | | |
| | পোস্টকোড নম্বর : | | | |
| | উপজেলা | | | |
| | জেলা : | | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর : | ই-মেইল (যদি থাকে)। | |
| ১২. | জাতীয়তা : | | ১৩. জেন্ডার : | |
| ১৪. | ধর্ম : | | ১৫. পেশা : | |

| ১৬. | শিক্ষাগত যোগ্যতা : | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/নাতী-নাতনী | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য উল্লেখ করুন |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ২১. | ব্যাংক ও শাখার নাম | | | | | | | | | | |
| ২২. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: | | | | | | | | |

**প্রার্থীর স্বাক্ষর**

০৩। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরমে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ৩০/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালে পুলিশ সুপার, খুলনা এর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ৩০/০৫/২০১৯ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবীযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপিসহ কম্পিউটার টাইপিং এবং সাঁটলিপি সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।

ঙ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্মসনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তি বার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতী-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

চ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং-১-২২১১-০০০০-২০৩১ তে.১০০/- (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি (১ম) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার ডাকটিকিট লাগানো ০১(এক)টি ১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসাবে বিবেচনা করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার টাইপিং, সাঁটলিপি এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

**এস. এম. শফিউল্লাহ, বিপিএম**
বিপি-৭০০৫১০৭৭৩০
পুলিশ সুপার, খুলনা।
ফোন ঃ ০৪১-৭২৫৩৭৭, ফ্যাক্স ঃ ৭২৫২২৯।

এই-১৯৩-৩৮৬/১৯ (২৫˝×৪)